ঝিনাইদহে করোনা প্রতিরোধে ৩ দিন ব্যাপী ‘ক্রাশ প্রোগ্রাম’ শুরু

মহামারি করোনা ভাইরাস প্রতিরোধে ঝিনাইদহে শুরু হয়েছে ৩ দিন ব্যাপী ‘ক্রাশ প্রোগ্রাম’।

মঙ্গলবার সকালে শহরের পায়রা চত্বরে জেলা প্রশাসনের আয়োজনে এ কর্মসূচীর উদ্বোধন করা হয়। এসময় জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ উজ-জামান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সেলিম রেজা, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, ঝিনাইদহ প্রেস ক্লাবের সভাপতি এম রায়হানসহ জেলার সকল সরকারি দপ্তরের কর্মকর্তা উপস্থিত ছিলেন।

উদ্বোধন শেষে স্বাস্থ্য বিধি মেনে চলাচল, মাস্ক পরা বাধ্যতামূলক করে সচেতনতামূলক প্রচারণা ও লিফলেট বিতরণ করা হয়। পরে শহরের পোস্ট অফিস মোড়, আরাপপুর, হামদহ বাস টার্মিনালসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। যারা মাস্ক ছাড়া চলাফেরা করছেন তাদের জরিমানা করে মাস্ক দেওয়া হয়।

জেলা প্রশাসক সরোজ কুমার নাথ জানান, করোনার ২য় ঢেউ প্রতিরোধে ঝিনাইদহে নানা কর্মসূচী হাতে নেওয়া হয়েছে। “ক্রাশ প্রোগ্রাম” এর মধ্যে একটি। আগামী ৩ দিন শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে সচেতনতামূলক প্রচারণা চালানো হবে। আগামী ১২ নভেম্বর পর্যন্ত এ কর্মসূচী চলবে।

ঝিনাইদহে মুজিব শতবর্ষ ই-সেবা ক্যাম্পেইন উপলক্ষে মতবিনিময়

সভা অনুষ্ঠিত

‘বাড়ছে সেবার বহর, গ্রাম হবে শহর’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে মুজিব শতবর্ষ ই-সেবা ক্যাম্পেইন উপলক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে মহারাজপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টারের আয়োজনে ইউনিয়ন পরিষদ মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।

মহারাজপুর ইউনিয়নের চেয়ারম্যান খুরশিদ আলম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ-উজ-জামান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, ইউনিয়নের সচিব শহিদুল ইসলাম। অনুষ্ঠানটি পরিচালনা করেন ইউনিয়নের ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা অনুপ অধিকারী।

এসময় আয়োজক অনুপ অধিকারী জানান, ই-সেবা ক্যাম্পেইন উপলক্ষে ডিজিটাল সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়া হবে। বাংলাদেশকে ডিজিটাল করতে এ ক্যাম্পেইনের মাধ্যমে সরকারি-বেসরকারি সকল প্রকার সেবা প্রদান করা হবে।

ক্যাম্পেইন উপলক্ষে আগতদের বিনামূল্যে সেবা প্রদান করা হচ্ছে। ডিজিটাল সেন্টারের সেবা সর্ম্পকে গ্রামের মানুষকে অবহিতও করা হচ্ছে ।

ঝিনাইদহে বিচার বিভাগীয় কর্মচারী এসোসিয়েশনের ব্যানার

টাঙ্গানো কর্মসূচি পালন

বাংলাদেশ বিচার বিভাগীয় কর্মচারী এসোসিয়েশন ঝিনাইদহ জেলা শাখা ব্যানার টাঙ্গানো কর্মসূচি পালন করেছে।

মঙ্গলবার সকালে জেলা জজ আদালত চত্বরে কেন্দ্রীয় কর্মসূচির অংশ তিন দফা দাবি আদায়ের লক্ষ্যে তারা এ কর্মসূচি পালন করে।

তাদের দাবিগুলোর মধ্যে রয়েছে অধঃস্তন আদালতের কর্মচারীদেরকে বিচার বিভাগীয় কর্মচারী হিসেবে গণ্য করতে বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস বেতন স্কেলের আলোকে বেতন ভাতা প্রদান, সকল ব্লক পদ বিলুপ্তি করে যুগোপযুগী পদ সৃজন পূর্বক হাইকোর্ট বিভাগ ও মন্ত্রণালয়ের ন্যায় যোগ্যতা ও জেষ্ঠ্যতার ভিত্তিতে প্রতি ৫ বছর অন্তর অন্তর পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদানের ব্যবস্থা করা এবং অধঃস্তন সকল আদালতের কর্মচারীদের নিয়োগবিধি সংশোধন করতে এক ও অভিন্ন নিয়োগ বিধিমালা প্রনয়ণ।

এ সময় জেলা জজ আদালতের প্রশাসনিক কর্মকর্তা মতিয়ার রহমান, জেলা জজের নাজির আব্দুল হাকিম, সিজিএম নাজির সোহেল রানা, বিচার বিভাগীয় কর্মচারী এসোসিয়েশনের সাধারণ সম্পাদক আসাফ-উদ-দৌলা মাসুম, একাউন্টেন জিয়াউর রহমান, শাহ মোহাম্মদ সেলিম প্রমুখ উপস্থিত ছিলেন।

আজ বুধবার সারা দেশে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্র্রদান করা হবে বলে সংগঠনের পক্ষ থেকে বলা হয়েছে।

প্রয়াত সাংবাদিক আব্দুর রাজ্জাক স্মরণে শোকসভা ও

দোয়া মাহফিল

ঝিনাইদহের কালীগঞ্জের প্রয়াত সাংবাদিক আব্দুর রাজ্জাক এর স্মরণে শোকসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে ।

গতকাল সোমবার সন্ধ্যায় প্রেস ক্লাব কালীগঞ্জের অস্থায়ী কার্যালয়ে প্রেস ক্লাবের সভাপতি জাকারিয়া হোসেনের সভাপতিত্বে এ শোকসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। শোক সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম আশরাফ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দৈনিক নবচিত্রের প্রধান সম্পাদক ও প্রকাশক আলহাজ্ব শহিদুল ইসলাম, প্রেস ক্লাব কালীগঞ্জের সাধারণ সম্পাদক তোফাজ্জল হোসেন, মোহনা টিভির প্রতিনিধি সোহেল আহমেদ, আর টিভির প্রতিনিধি শিপলু জামান, ৫নং ওয়ার্ডের কাউন্সিলর মনিরুজ্জামান রিংকু, মাই টিভির প্রতিনিধি মিঠু মালিথা, দৈনিক ইনকিলাবের প্রতিনিধি সোহাগ হোসেন, প্রেসক্লাবের সাংগঠনিক সম্পাদক শাহ আলম, দপ্তর ও অর্থ সম্পাদক তানজির রহমান, মতিয়ার রহমান, নাজমুল হোসেন, আশিক এলাহী, স্বাধীন ইসলাম, ইজাজ আহমেদ উৎস প্রমুখ ।

প্রয়াত আব্দুর রাজ্জাকের স্মৃতিচারণে সকলে প্রেস ক্লাব প্রতিষ্ঠার পেছনে তার অবদান স্মরণ করেন । শোকসভা শেষে মরহুমের রূহের মাগফেরাত কামনা করে দোয়া পরিচালনা করেন মাওলানা রুহুল আমিন।

খেজুর রস সংগ্রহে ব্যস্ত সময় পার করছে ঝিনাইদহের গাছিরা

সকালের শিশির ভেজা পথ, যা শীতের আগমনী বার্তাকে জানান দিচ্ছে। দিনে কিছুটা গরম হলেও সন্ধ্যা হলেই বোঝা যায় শীতের আগমন। এরই মধ্যে ঝিনাইদহের গাছিরা খেজুর গাছ তুলতে শুরু করেছে। যারা খেজুর গাছ থেকে রস সংগ্রহ করতে পারদর্শি তাদেরকে গাছি বলা হয়। আগাম রস

পাবার আশায়, কিছু গাছি তাদের গাছের পরিচর্যা শুরু করেছে।

শীতের মৌসুম শুরু হতে না হতেই খেজুরের রস আহরনের জন্য গাছিরা খেজুর গাছ প্রস্তুুত করতে শুরু করেছে। গাছিরা হাতে দা, কোমরে ঠোঙ্গা বেঁধে নিপুন হাতে গাছ চাছা ছোলা করছে। এরই মধ্যে কয়েকজন গাছে নলি মারতে শুরু করেছে। কয়েক দিন পরেই গাছিদের খেজুর গাছ কাটার ধুম পড়ে যাবে। শীতের মৌসুম আসলে দেশের দক্ষিন-পশ্চিমাঞ্চলে সর্বত্র খেজুরগাছ কাটার ধুম পড়ে যাই। খেজুরের গুড় তৈরিতে ব্যস্ত হয়ে পড়ে গাছিরা। তাদের চোখে মুখে ফুটে ওঠে সোনালী হাসি।

শীতের মৌসুম মানেই নলিন খেজুর গুড়ের মৌ মৌ গন্ধে ভরে ওঠে পুরো গ্রাম। শীতের সকালে খেজুর রসের তৃপ্তি-ই আলাদা আর খেজুর রসের ক্ষীর পায়েসের মজা আছেই। প্রতিদিন গ্রামের কোন না কোন বাড়িতে খেজুর রসের খবারের আয়োজন চলে। খেজুরের শুধু রসই নয়, পাটালি, নলেন গুড় এর সু-স্বাধ নিতে অপেক্ষায় গ্রাম বাংলার মানুষ। এক সময় ঝিনাইদহের কোটচাাঁদপুর, খালিশপুর, কালীগঞ্জ গুড়ের জন্য বিখ্যাত ছিল। এসব এলাকার খেজুর রসের গুড় নদীয়া সহ কোলকাতায় ব্যপক চাহিদা ছিল । সে সময় ব্যবসায়ীরা এসব এলাকা থেকে গুড় সংগ্রহ করে গরু-ঘোড়ার গাড়িতে করে ভারতের মাঝদিয়া বাজারের উদ্দেশ্যে রওনা দিত।

পুরাতন ঐতিহ্য আজ বিলুপ্তের পথে, কারণ আগের মত খেজুর গাছ এখন আর দেখা যায়না। চাষিরা এখন আর জমিতে আলাদা করে খেজুর গাছের চাষ করেনা। শুধু রাস্তার পাশে কিংবা জমির আইলে কম বেশি খেজুর গাছ দেখা যায়। তাছাড়া এক কেজি গুড় তৈরি করতে খরচ ৫০/৬০ টাকা আর বিক্রি করতে হয় ৭০/৮০ টাকা। আর এতে কষ্ঠও অনেক, সে কারণে চাষিরা গুড় বানাতে নিরুৎসাহিত হচ্ছে।

ঝিনাইদহ সদর উপজেলার হলিধানীতে, আগাম গাছ তুলছেন নুর ইসলাম, তিনি আগেই গুড় পাটালি তৈরি করার প্রস্তুুতি নিচ্ছেন, কুমড়াবাড়িয়া গ্রামের রুপকুমার জানান আগাম রশ তৈরি করতেই আগাম গাছ প্রস্তুুত করছি। নাটাবাড়িয়া গ্রামের গাছি কালাম জানান বর্ষার কারনে এবার দেরি হয়ে গেছে। আগাম রস বানাতে পারলে দাম ভালো হয় সেই জন্যই আগে থেকেই প্রস্তুুতি নিচ্ছি।

ঝিনাইদহে মুক্তিযোদ্ধাকে রাষ্ট্রিয় মর্যাদায় দাফন

ঝিনাইদহে বীর মুক্তিযোদ্ধা মোঃ শাহাদাৎ হোসেন’র রাষ্ট্রিয় মর্যাদায় দাফন সম্পন্ন হয়েছে।

সোমবার সকালে সদর উপজেলার ভুটিয়ারগাতী (ক্ষুদ্র পাড়া) গ্রামে বার্ধক্য জনিত কারণে মুক্তিযোদ্ধা মোঃ শাহাদাৎ হোসেন (৮৫) মৃত্যু বরন করেন।

সোমবার বাদ জোহর উজির আলী কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে জানাযার নামাজের আগে তাকে রাষ্টিয় মর্যাদায় গার্ডঅফ অর্নার প্রদান করা হয়। এসময় উপস্থিত ছিলেন জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) খান মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন। এছাড়াও উপস্থিত ছিলেন মুক্তিযোদ্ধা কমান্ডের নেতৃবৃন্দ, বীর মুক্তিযোদ্ধা, সাংবাদিক, শিক্ষক, তার স্বজন ও শুভাকাঙ্খিরা।

দ্বিতীয় জানাজার নামাজ মরহুমের গ্রামের বাড়ি ভুটিয়ারগাতী ক্ষুদ্র পাড়া জামে মসজিদে অনুষ্ঠিত হয় এবং পারিবারিক কবরস্থানে তাকে দাফন করা হয়। মৃতকালে তিনি স্ত্রী, পাঁচ ছেলে ও চার মেয়েসহ অসংখ্য আত্মীয় স্বজন গুনগ্রাহী রেখেগেছেন।

ঝিনাইদহের হাটগোপালপুরের রুপা রানী শিশু সন্তানসহ নিখোঁজ

ঝিনাইদহ সদর উপজেলার হাটগোপালপুরের পিতার বাড়ি থেকে মানসিক ভারসাম্যহীন রুপা রানী বিশ্বাস শিশু সন্তানসহ ১০ দিন নিখোঁজ রয়েছে।

সে হাটগোপালপুর বাজার এলাকার দিলীপ প্রামাণিকের কন্যা ও মদন প্রামানিকের নাতনী। পারিবারিক সূত্রে জানা যায়, গত শনিবার (৩১ অক্টোবর) সকালে কাউকে কিছু না বলে আড়াই বছরের কন্যা সন্তান প্রিয়াংকা বিশ্বাসকে সাথে নিয়ে বাড়ি থেকে বের হয় রুপা রানী।

পরদিন রোববার ১ লা নভেম্বর সকালে তার মোবাইল নং- ০১৮৫৭-৭২৫৬৯৪ থেকে অজ্ঞাত নামা ব্যক্তি পরিচয় দিয়ে তার পরিবারের লোকের কাছে কল দিয়ে বলে আমি ঝিনাইদহ শহরের আরাপপুর এলাকা থেকে বলছি। রুপা এখানে একটি বাড়িতে আছে। ২/১ দিনের মধ্যে পরিবারের কাছে পাঠানো হবে। এর পর থেকেই ওই নম্বরটি বন্ধ রয়েছে।

বিভিন্ন জায়গায় মাইকিংয়ে প্রচার-প্রচারণা চালিয়েও অদ্যবদি তাদের সন্ধান মেলেনি। রুপা রানী নিখোঁজের সময় তার পরনে ছিল হলুদ রং◌েয়ের ছাপা থ্রীপিচ, গায়ের রং কালো, উচ্চতা- ৫ ফুট, মুখন্ডল গোলাকার,হালকা পাতলা গঠনের শরীর। শিশু প্রিয়াংকার পরণে ছিল খয়েরি রংয়ের টেপ, দেখতে উজ্জল ফর্সা। কোন স্বহৃদয়বান ব্যক্তি এদের সন্ধান পেলে ০১৮১৪-৫৭৯৫৪৯ অথবা ০১৭১৮-৩১১৫৭৪ এই নং মোবাইলে যোগাযোগ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা গেল।

কোটচাঁদপুর উপজেলা পরিষদের মাসিক আইন শৃঙ্খলা সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা পরিষদের আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকালে উপজেলা পরিষদ মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আ.লীগ সভাপতি শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি ছিলেন থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা

পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশীদ, কোটচাঁদপুর সরকারি কলেজের প্রভাষক মোঃ আলমগীর হুসাইন ও সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা তাজুল ইসলাম।

সভায় পৌর এলাকাসহ উপজেলার বিভিন্ন মসজিদের ইমামদেরকে করোনা ভাইরাস প্রতিরোধে মুসল্লীদের দুরত্ব মেনে ও মাস্ক ব্যাবহার করে নামাজ আদায় করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

এছাড়া দ্রব্যমূল্য স্বাভাবিক রাখতে বাজার মনিটরিং এবং মানব পাচার ও মাদকের কু ফল সম্পর্কে জন সচেতনতার উপর গুরুত্ব দেয়া হয়।

সভায় বিরাজমান সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতিতে সন্তোষ প্রকাশ করা হয়।

হরিনাকুণ্ডুুতে বন্ধুমহলের উদ্যোগে চাষীদের মাঝে বীজ বিতরণ

ঝিনাইদহের হরিনাকুণ্ডুুতে বন্ধুমহলের উদ্যোগে প্রান্তিক ও ভূমিহীন চাষীদের মাঝে বিনামূল্যে সরিষার বীজ বিতরণ করা হয়েছে।

গতকাল রবিবার দুপুরে হরিনাকুণ্ডুু পাইলট মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ বীজ বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বন্ধুমহলের আহবায়ক আব্দুর রউফ (মাটুল মল্লিক)’র সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানা।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (অবসর প্রাপ্ত) অতিরিক্ত পরিচালক কৃষিবিদ নজরুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা হাফিজ হাসান, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের (অবসর প্রাপ্ত)

ডিজিএম এ্যাড. শহিদুজ্জামান, পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আমিরুল ইসলাম, বিশিষ্ট সমাজ সেবক ও যুবলীগ নেতা সাইফুল ইসলাম (টিপু মল্লিক)।

এছাড়াও উপস্থিত ছিলেন, ঝিনাইদহ প্রেস ক্লাবের সহ-সভাপতি ও এস এ টিভির জেলা প্রতিনিধি ফয়সাল আহমেদ, হরিনাকুণ্ডুু প্রেস ক্লাবের সভাপতি সাইফুজ্জামান তাজু, সাধারণ সম্পাদক এইচ মাহাবুব মিলু।

অনুষ্ঠান শেষে উপজেলার ১ শত ৮০ জন প্রান্তিক ও ভূমিহীন চাষীদের মাঝে বিনামূল্যে সরিষার বীজ বিতরণ করা হয়। উল্লেখ্য, পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের ১৯৭৪ সালের এসএসসি ব্যাচের শিক্ষার্থীরা ২০০৩ সাল থেকে বন্ধুমহল নামের একটি সংগঠনের মাধ্যমে মানবকল্যানে কাজ করে যাচ্ছেন।

ঝিনাইদহে পুলিশ ভলিবল চ্যাম্পিয়নশীপ বিভাগীয় টুর্নামেন্টের উদ্বোধন

ঝিনাইদহে শুরু হয়েছে বাংলাদেশ পুলিশ ভলিবল চ্যাম্পিয়নশীপ খুলনা বিভাগীয় টুর্নামেন্ট। গতকাল রবিবার সকালে পুলিশ লাইন্স মাঠে বেলুন উড়িয়ে এ টুর্নামেন্টের উদ্বোধন করেন পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাইদ, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশার, সহকারি পুলিশ সুপার (শৈলকুপা সার্কেল) আরিফুল ইসলাম, সদর থানার ওসি মোহাম্মদ মিজানুর রহমানসহ জেলা পুলিশের উর্দ্ধতন কর্মকর্তারা ।

খুলনা বিভাগীয় এ টুর্নামেন্টে ১০ টি জেলার দল অংশগ্রহণ করবে। লীগ ভিত্তিক এ টুর্নামেন্টের উদ্বোধনী দিনে বাগেরহাট, খুলনা আরআরএফ, যশোর, ঝিনাইদহ, মাগুরা, কুষ্টিয়া, ও সাতক্ষীরা জেলা দল প্রতিদ্বন্দীতা করে।

আগামী ১০ নভেম্বর এ টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে।